

পনের কোটি মানুষের জন্য প্রতিদিন

# যায়যায়দিন

দৈনিক যায়যায়দিন, ২৩-১০-২০২১, পৃঃ-০৫



**EAST  
WEST  
UNIVERSITY**



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ

■ শিক্ষা জগৎ ডেস্ক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২১ সালের শীতকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের ১৯ অক্টোবর বরণ করল। অনলাইন প্র্যাক্টিফর্ম জুমে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় ১০০০ শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেয়া হয়। সেই সঙ্গে শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গেও পরিচয় করিয়ে দেয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ স্বাক্ষরের সাবেক গভর্নর, অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন। এছাড়াও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর এম এম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ডক্টর মুহাম্মাদ জিয়াজিল হক মানুন।

অনুষ্ঠানে বক্তারা সম্প্রতি বাংলাদেশে চলমান হানাহানির ঘটনাকে দুঃখজনক বলে উল্লেখ করেন। তারা নবীন শিক্ষার্থীদের অসাম্প্রদায়িক চেতনাকে ধারণা করে দেশ ও মানুষের মঙ্গলের জন্য কাজ করতে নিজেদের তৈরি করার আহ্বান জানান। একইসঙ্গে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় কোনো ধরনের বৈষম্য লালন করে না বলে শিক্ষার্থীদের মনে করিয়ে দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা অংশগ্রহণ করেন।